

## মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জিয়াউল হক জিয়া  
 ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট

সভার তারিখ : ০৬/১১/২০২৩খ্রি.  
 সময় : বিকাল ০৩.০০ ঘটিকা  
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	প্রাণিসম্পদ বিভাগ	<p>০১) সভায় উপস্থিত উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, গবাদি পশুসহ গৃহ পালিত অন্যান্য প্রাণির সুচিকিৎসায় মাঠকর্মীগণ স্ব স্ব এলাকায় কার্যক্রম পরিচালনা করছেন। উপজেলার সকল ইউনিয়ন পর্যায়ে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। গবাদি পশুসহ গৃহ পালিত অন্যান্য প্রাণিদের রোগ প্রতিরোধে টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া প্রতিটি গ্রামে উঠান বৈঠকের মাধ্যমে কৃষক/খামারীদেরকে ল্যাম্পি স্কিন ডিজিজ, পিপিআর রোগ, ক্ষুরারোগসহ অন্যান্য রোগ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।</p> <p>০২) খামারি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় ৪৭৭ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া গবাদি পশু ও হাঁস-মুরগির খামার, হ্যাচারি এবং ফিডের দোকান পরিদর্শন ও পরামর্শ প্রদান, ফ্রি ডেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প সুষ্ঠুভাবে চলছে।</p> <p>০৩) আশ্রয়ণ প্রকল্পের সুফলভোগীদের জীবনমান উন্নয়নে উঠান বৈঠকের মাধ্যমে তাদের তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।</p>	<p>০১) মাঠ পর্যায়ে মাঠকর্মীদের মাধ্যমে গবাদি পশু এবং অন্যান্য প্রাণির রোগ প্রতিরোধে চাষী/খামারীদের সার্বক্ষণিক পরামর্শ প্রদান করতে হবে।</p> <p>০২) মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মীদের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</p> <p>০৩) পশু রোগ আইন-২০০৫, মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন-২০১০, পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইনসহ সংশ্লিষ্ট অন্যান্য আইনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</p> <p>০৪) পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণের লক্ষ্যে যত্রতত্র পশু জবাই না করে নির্ধারিত স্থানে পশু জবাইয়ের বিষয়টি নিশ্চিত করতে হবে।</p> <p>০৫) মাংস বিক্রেতাদের লাইসেন্সের আওতায় আনতে হবে।</p> <p>০৬) গবাদি পশু এবং অন্যান্য প্রাণির মানসম্পন্ন চিকিৎসা নিশ্চিতকল্পে মাঠ পর্যায়ের অনুমোদিত পশু চিকিৎসাদের নিয়ে মতবিনিময় সভা আয়োজন করতে হবে।</p>	<p>উপজেলা প্রাণিসম্পদ অফিসার আক্কেলপুর উপজেলা</p>
০২	উপজেলা মৎস্য অফিস	<p>০১) সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিদ্যমান আইন অনুযায়ী প্রতি বছর ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা ইলিশ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় দলনীয় অপরাধ। উক্ত আইন প্রতিপালনে বিভিন্ন হাট-বাজারে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।</p> <p>০২) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে সরকারি মৎস্য হ্যাচারি, মৎস্যখাদ্য ও</p>	<p>০১) মৎস্যচাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ রক্ষায় রিং জাল, কারেন্ট জাল, চায়না জাল ক্রয়-বিক্রয় এবং স্থাপনের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয়</p>	<p>উপজেলা মৎস্য অফিসার আক্কেলপুর উপজেলা</p>

	<p>মৎস্যখাদ্য উপকরণ সংক্রান্ত লাইসেন্স প্রদান/নবায়নের কাজ চলমান রয়েছে। গত মাসে ০৭টি সরকারি মৎস্যখাদ্য ও মৎস্যখাদ্য উপকরণ সংক্রান্ত লাইসেন্স নবায়ন করা হয়েছে। এছাড়া ০৩টি বেসরকারি মৎস্য হ্যাচারি লাইসেন্স নবায়ন করা হয়েছে।</p> <p>০৩) উপজেলার বিভিন্ন হাট-বাজারে নিষিদ্ধ ঘোষিত অবৈধ কারেন্ট জাল, চায়না দুয়ারী জালের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে।</p>	<p>করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।</p>
--	---	--

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ জিয়াউল হক জিয়া)  
ভাইস-চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
আক্কেলপুর, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
আক্কেলপুর, জয়পুরহাট

নং-০৫.৪৩.৩৮১৩.০০০.০৪.০৩২.২৩-

তারিখঃ ০৬/১১/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৩। উপজেলা মৎস্য/প্রাণিসম্পদ অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৪। উপজেলা..... অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, বুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউপি, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৬। জনাব ..... আক্কেলপুর, জয়পুরহাট
- ০৭। অফিস কপি



(মোঃ জিয়াউল হক জিয়া)  
ভাইস-চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
আক্কেলপুর, জয়পুরহাট